# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**06-05-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে, ভিয়েতনামের রাষ্ট্রপতি তো-লামের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করতে একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করছেন।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মধ্যপ্রদেশ, রাজস্থান, উত্তরপ্রদেশ, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ এবং তেলেঙ্গানার ১৯টি জেলার রেল প্রকল্পে মন্ত্রিসভার অনুমোদনকে স্বাগত জানিয়েছেন।

৩) Moody's Ratings এর মতে ভারত গত ৫ বছরে অন্যতম বৃহৎ উদীয়মান অর্থনিতির দেশ হিসেবে আত্মপ্রকাশ করেছে।

৪) নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ, অসম, কেরালা, তামিলনাড়ু ও পুদুচেরি তে ভোট প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নতুন বিধানসভা গঠনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে।

#এর সঙ্গেই শুরু হয়েছে সরকার গঠনের তৎপরতা।

৫) মধ্য আফ্রিকার দেশ চাদে এক সামরিক ঘাঁটিতে বোকো হারাম জঙ্গি সংগঠনের হামলায় ২৩ জন নিরাপত্তা কর্মী নিহত হয়েছেন।

৬) ভারতীয় আবহাওয়ার দপ্তর বিহার ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গে আজ বৃষ্টির কমলা  সতর্কতা জারি করেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে ভিয়েতনামের রাষ্ট্রপতি তো লামের সঙ্গে আলোচনায় বসেছেন। উভয় নেতা দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করা

ছাড়াও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করছেন।

এর আগে তিনদিনের ভারত সফরে আসা ভিয়েতনামের রাষ্ট্রপতিকে আজ সকালে রাষ্ট্রপতি ভবনে আনুষ্ঠানিক অভ্যর্থনা জানানো হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভিয়েতনামের রাষ্ট্রপতির মধ্যে আলোচনার পর বেশ কয়েকটি সমঝোতা স্মারক পত্র সাক্ষরিত হওয়ার কথা।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মধ্যপ্রদেশ, রাজস্থান, উত্তরপ্রদেশ, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ এবং তেলেঙ্গানার ১৯টি জেলার রেল প্রকল্পে মন্ত্রিসভার অনুমোদনকে স্বাগত জানিয়েছেন। সমাজ মাধ্যমে একবার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, এই প্রকল্পগুলি দেশের অর্থনৈতিক অগ্রগতি এবং পরিকাঠামগত উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে । তিনি আরো বলেন এই প্রকল্পের মাধ্যমে ভবিষ্যতে দেশে পর্যটন শিল্পের উন্নতি ঘটবে। শ্রী মোদী, সুপ্রিম কোর্টে বিচারকের সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার মন্ত্রিসভার সিদ্ধান্তেরও প্রশংসা করেন। তিনি বলেন, এই সিদ্ধান্ত দেশের বিচার বিভাগীয় পরিকাঠামোকে শক্তিশালী করবে এবং জনগণের জন্য দ্রুত ন্যায়বিচার সুনিশ্চিত করবে।

------------------

Moody’s Ratings এর মতে ভারত গত ৫ বছরে অন্যতম বৃহৎ উদীয়মান অর্থনিতির দেশ হিসেবে আত্মপ্রকাশ করেছে। সংস্থাটি তাদের সাম্প্রতিক প্রতিবেদনে জানিয়েছে, শক্তিশালী বিদেশি মুদ্রার তহবিল এবং দেশজ বাজারে পুঁজি সহায়তায় ভারত আন্তর্জাতিক বিশ্ব অর্থিনিতির ধাক্কা সামলে সামনের দিকে এগিয়ে চলেছে। রিপোর্টে প্রকাশ, ভু রাজনৈতিক অনিশ্চয়তার কারণে, বাজার অর্থনীতি অস্থিরবস্থাতেই রয়েছে। তবে, ভারতের পরিস্থিতি যথেষ্ট আশাব্যাঞ্জক।

------------------

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ, অসম, কেরালা, তামিলনাড়ু ও পুদুচেরি তে ভোট প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নতুন বিধানসভা গঠনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। চার রাজ্যের রাজ্যপাল ও পুদুচেরির উপ রাজ্যপালের কাছে কমিশনের সেই নির্দেশিকা ইতমধ্যেই পাঠিয়ে দেওয়া হয়েছে। এর ফলে চার রাজ্য ও কেন্দ্র শাসিত পুদুচেরিতে নতুন সরকার গঠনের পথ প্রশস্ত হল।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে বর্তমান বিধানসভার মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল।

এদিকে, নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ফলাফল প্রকাশের পর এই বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে কমিশনের দায়িত্ব আপাতত সম্পূর্ণ হল। অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে এবার দু'দফায় ভোট নেওয়া হয়। ভোট গ্রহণ থেকে গণনা পর্যন্ত গোটা প্রক্রিয়াই সুষ্ঠু ও স্বচ্ছ ছিল বলে কমিশন জানিয়েছে।

------------------

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির কথিত মন্তব্যের তীব্র নিন্দা করেছেন। প্রসঙ্গত, বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পদত্যাগ করবেন না কিংবা রাজ্যপালের কাছেও তা পেশ করবেন না বলে জানিয়েছিলেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী প্রধান অভিযোগ করেন, জনমত অস্বীকার করা গণতন্ত্রের অবক্ষয়েরই একটি দৃষ্টান্ত। মমতা ব্যানার্জি কেবল জনতার রায়কেই অস্বীকার করেননি, তিনি নির্বাচন কমিশন এবং নিরাপত্তা বাহিনীর বিশ্বাসযোগ্যতা নিয়েও প্রশ্ন তুলেছেন।

------------------

আসামে বিধানসভা নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর গুয়াহাটির রাজভবনে আজ মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা, রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের কাছে তাঁর পদত্যাগ পত্র পেশ করেছেন।

এই পদত্যাগের ফলে রাজ্যে নতুন সরকার গঠনের পথ প্রশস্ত হল ।

উল্লেখ্য এর আগে, আসামের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আনুষ্ঠানিকভাবে আসাম বিধানসভা নির্বাচনের ফলাফল রাজ্যপালের কাছে পেশ করেন। এবারের বিধানসভা নির্বাচনে, এনডিএ ১২৬টি আসনের মধ্যে ১০২টিতে জয়লাভ করে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে।

কংগ্রেস ১৯টি আসন জয় করে বিধানসভায় দ্বিতীয় বৃহত্তম দল হিসেবে উঠে এসেছে।

------------------

১ শো ৮-টি আসন নিয়ে তামিল নাড়ু বিধানসভায় একক বৃহত্তম দল হিসেবে, TVK আত্মপ্রকাশ করলেও সংখ্যাগরিষ্ঠতা অর্জনের জন্য আরও ১১ জন বিধায়কের প্রয়োজন। এ বিষয়ে TVK বর্তমানে কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দলগুলির সঙ্গে আলোচনা চালাচ্ছে। কংগ্রেসের মুখপাত্র Girish Chodankar বলেছেন TVK-কে সমর্থনের বিষয়টি আলোচনার মাধ্যমে চূড়ান্ত হবে। এদিকে, AIADMK-এর বিজয়ী প্রার্থী লিমা রোজ বলেছেন, তার দল TVK-কে সমর্থন করার ব্যাপারে আলোচনা চালাচ্ছে।

------------------

কেন্দ্রীয় সরকার সমাজ মাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওর সত্যতা খণ্ডন করেছে। ওই ভিডিওতে দেখা গেছে, প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং বলছেন, গত বছরের ১০ই মে পাকিস্তান ভারতের সিস্টেমগুলো জ্যাম করে দিয়েছিল।

PIB-র 'ফ্যাক্ট চেক ইউনিট' স্পষ্ট করে বলেছে, ভিডিওটি AI-নির্মিত একটি ডিপফেক ভিডিও। দেশের জনগণকে এ ধরনের ভিডিওর ফাঁদে না পাড়ার আহ্বান জানিয়েছে সরকার।

উল্লেখ্য, গত বছর ভারত ও পাকিস্তানের মধ্যে শুরু হওয়া অপারেশন সিন্দুর ৭-ই মে থেকে সে মাসের ১০ তারিখ পর্যন্ত চলে।

------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় পালাবদলের পটভূমি। বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যে নতুন সরকার গঠন করতে চলেছে বিজেপি। আমাদের প্রতিনিধিরা জানার চেষ্টা করেছেন এই রাজনৈতিক পালাবদলের নেপথ্যে কি রয়েছে বলে মনে করছেন সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------

মধ্য আফ্রিকার দেশ চাদে-র এক সামরিক ঘাঁটিতে বোকো হারাম জঙ্গি সংগঠনের হামলায় ২৩ জন নিরাপত্তা কর্মী নিহত হয়েছেন। বহু সৈন্য আহত। তবে শেষ পর্যন্ত আক্রমণটি প্রতিহত করা সম্ভব হয়েছে।

উল্লেখ্য, গত সোমবার রাতে চাদ, নাইজার, নাইজেরিয়া এবং ক্যামেরুনের মিলনস্থলে অবস্থিত চাদ হ্রদের (Lake Chad) তীরের এই সামরিক ঘাঁটিতে হামলা চালানো হয়। রাষ্ট্রসংঘের এক রিপোর্টে বলা হয়েছে, এই জঙ্গি গোষ্ঠী এখনও পর্যন্ত কয়েক হাজার মানুষকে হত্যা করেছে। এর আগে ২০২৪ সালের অক্টোবরে বোকো হারামের হামলায় চাদের প্রায় ৪০ জন সেনা নিহত হয়েছিলেন।

------------------

অস্ট্রেলিয়া তাঁদের আসন্ন বাজেট প্রস্তাবে জ্বালানি নিরাপত্তা বৃদ্ধির উদ্দেশ্যে ৭ শো ২০ কোটি মার্কিন ডলারের একটি বিশেষ প্যাকেজ ঘোষণা করেছে। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি অ্যালবানিজ বলেছেন, এই পরিকল্পনায় প্রায় ১ শো কোটি লিটার জ্বালানি সংরক্ষণ কেন্দ্র গড়ে তলা হবে। এর ফলে দেশের ৫০ দিনের জ্বালানি চাহিদা মিটবে বলেমনে করা হচ্ছে।

উল্লেখ্য, অস্ট্রেলিয়া তাদের জ্বালানির ৮০ শতাংশই পশ্চিম এশিয়া থেকে আমদা করে।

----------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছেন, হরমুজ প্রণালীতে আটকে পড়া জাহাজগুলোকে পথ দেখানোর কর্মসূচী মিশন 'প্রজেক্ট ফ্রিডম' সাময়িকভাবে স্থগিত করা হল। সামাজিক মাধ্যমে এক বার্তায় ট্রাম্প জানান, বর্তমান সংঘাতের অবসান ঘটাতে ইরানের প্রতিনিধিদের সঙ্গে একটি পূর্ণাঙ্গ চুক্তিতে পৌঁছানোর দিকে যথেষ্ট অগ্রগতি হয়েছে। সাম্প্রতিক সামরিক পরিস্থিতি এবং কূটনৈতিক আলোচনার অগ্রগতির পরিপ্রেক্ষিতে, 'প্রজেক্ট ফ্রিডম'-সাময়িক স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

----------------

হরমুজ প্রণালী জাহাজ চলাচলের জন্য খুলে দেওয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে শান্তি চুক্তিতে পৌঁছতে চিনের বিদেশমন্ত্রী Wang Yi এবং ইরানের বিদেশমন্ত্রী Abbas Araghchi আজ বেজিংয়ে এক বৈঠকে মিলিত হন। চিনের সরকারি সংবাদমাধ্যম জানিয়েছে, হরমুজ প্রণালীতে ইরানের অবরোধ প্রত্যাহারের বিষয়টি নিয়ে যে উদ্ভূত পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা নিয়ে উভয় নেতা আলোচনা করেন। Araghchi-র এই সফরের ঠিক আগের দিনই মার্কিন যুক্তরাষ্ট্রের Secretary of State মার্কো রুবিও ঘোষণা করেন, ইরানের বিরুদ্ধে সে দেশের সামরিক অভিযানের সমাপ্তি ঘটেছে।

----------------

ইরানের রাজদানই তেহেরানের কাছে এক শপিং সেন্টারে এক অগ্নিকান্ডে ৮ জনের মৃত্যু হয়েছে। আহত ৩৬ জন। সে দেশের রাষ্ট্রীয় টেলিভিশনে জানানো হয়েছে, তেহেরান প্রদেশের আরঘাভান শপিং সেন্টারে এই অগ্নিকান্ড ঘটে। তবে এর কারণ এখনও জানা যায়নি।

----------------

নেপালের রাষ্ট্রপতি রামচন্দ্র পাউডেল আগামী ১১ই মে সংসদের উভয় সভার অধিবেশন ডেকেছেন। সংসদ ভবন ' সিংহ দরবার' এ দুপুর দুটো থেকে অধিবেশন শুরু হবে। নেপালের সংবিধান অনুযায়ী এর আগে মন্ত্রিসভা অধিবেশন ডাকার জন্য পরামর্শ দেয়।

-----------------

তাইওয়ান সরকারের আমন্ত্রণে একটি সর্বদলীয় প্রতিনিধিদল ছয় দিনের সফরে সে দেশে গেছেন। তাইওয়ানের বিদেশ মন্ত্রক জানিয়েছে, এই প্রতিনিধিদলে BJP, ন্যাশনাল পিপলস পার্টি NPP, কংগ্রেস এবং শিবসেনা-UBT-র মতো প্রধান প্রধান ভারতীয় রাজনৈতিক দলগুলোর বর্তমান প্রজন্মের নেতারা রয়েছেন। মন্ত্রক আরও জানিয়েছে, তাইওয়ানে প্রতিনিধিদলটি বিভিন্ন সরকারি সংস্থা পরিদর্শন করবে এবং নানা অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। ভারত ও তাইওয়ান যখন একটি শ্রম চুক্তি চূড়ান্ত করার প্রক্রিয়ায় রয়েছে, সেই সময় এই সফর । এই চুক্তির অধীনে, তাইওয়ানে ১,০০০ জন ভারতীয় পরিযায়ী শ্রমিক কাজ করার সুযোগ পাবেন।

-----------------

ভারতের আবহাওয়া দফতর, IMD আজ বিহার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে ভারী বৃষ্টির জন্য কমলা সতর্কতা জারি করেছে। আগামীকাল পর্যন্ত এই অঞ্চলগুলিতে বজ্র বিদ্যুৎ সহ ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ারও সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে তারা। এছাড়াও অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয় এবং সিকিমে আজ ভারী বৃষ্টিপাত সহ রবিবার পর্যন্ত কেরালা, মাহে, তামিলনাড়ু, পুদুচেরি এবং কারাইকালে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আইএমডি।

অন্যদিকে রবিবার পর্যন্ত কোঙ্কন এবং গোয়ায় গরম ও আর্দ্র আবহাওয়া সহ আগামী শনিবার থেকে সোমবার পর্যন্ত পশ্চিম রাজস্থানের বিচ্ছিন্ন কিছু এলাকায় তাপপ্রবাহ পরিস্থিতির পূর্বাভাস দিয়েছে ভারতীয় আবহাওয়া দফতর, IMD।

-----------------

আইপিএল ক্রিকেটে আজ  সানরাইজার্স হায়দরাবাদ, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে খেলবে। হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।। পাঞ্জাব ৯ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে। তৃতীয় স্থানে থাকা হায়দ্রাবাদের পয়েন্ট ১০ ম্যাচে পয়েন্ট ১২ ।

----------------- -----------------